দৈনিক ইত্তেফাক

তারিখ ... 06 MAY 1991 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৪ ...

25

এসএসসি পরীক্ষা

# বহিষ্কৃত আড়াই হাজার

(ইত্তেফাক রিপোর্ট)

গতকাল (রবিবার) ঢাকা, (শেষ পৃ: ৬-এর ক:৩ দ্র:)

( ১ম পৃ: পর )

রাজশাহী শিক্ষা বোর্ডের ১৯৯১ সালের এস, এস; সি পরীক্ষার দ্বিতীয় দিনে অসদুপায় অবলম্বনের অভিযোগে ২ হাজার ৫৬৩ জন ছাত্র-ছাত্রীকে বহিষ্কার করা হইয়াছে। রাজশাহী শিক্ষা বোর্ডের ৪টি পরীক্ষাকেন্দ্রে মোট ৭ জন শিক্ষককে বহিষ্কার ও ১ জন শিক্ষককে গ্রেফতার করা হয়। ঠাকুরগাঁও জেলা স্কুল কেন্দ্রে এক অপ্রীতিকর ঘটনায় পুলিশের সহিত কতিপয় তরুণের সংঘর্ষে পুলিশ ৩ রাউণ্ড ফাঁকা গুলী ছোঁড়ে। অপরদিকে ঢাকা বোর্ডের কোথাও কোন অপ্রীতিকর ঘটনার সংবাদ পাওয়া যায় নাই।

গতকালও রাজশাহী শিক্ষা বোর্ডে অধিক সংখ্যক বহিষ্কার হইয়াছে। এই বোর্ডে বহিষ্কারের সংখ্যা প্রায় ২ হাজার। ঢাকা শিক্ষা বোর্ডে প্রায় সাড়ে ৬ শত জনকে বহিষ্কার করা হইয়াছে।

জানা যায়, ঢাকা বোর্ডে প্রায় সব কেন্দ্রেই মোটামুটি শান্তিপুর্ণ ভাবে পরীক্ষা অনুষ্ঠিত হইয়াছে। মহানগরীর ৬২টি কেন্দ্রের কোথাও কোন অপ্রীতিকর ঘটনা ঘটে নাই। শুধু ঢাকা পশ্চিম কেন্দ্রে ১ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়।

ঢাকা শিক্ষা বোর্ড এবং আমাদের সংবাদদাতাদের খবর অনুযায়ী ঢাকা বোর্ডে বহিষ্কৃতের সংখ্যা মুন্সীগঞ্জে ৬৩, শরিয়তপুরে ১২, জামালপুরে ২৬, ফরিদপুরে ৬৯ জন রাজবাড়ীতে ৫৫ জন, ময়মনসিংহে ১৪৫ জন গোপালগঞ্জে ৫২ জন, মাদারীপুরে ৪৩, জন, শেরপুরে ১৩ জন, কালকিনিতে ২ জন, মানিকগঞ্জে ২১ জন, নরসিংদী পলাশে ৫ জন, শ্রীপুরে ৫ জন, মনোহরদীতে ৩৫ জন, রায়পুরায় ৩ জন, ঝিনাইগাতিতে/ঝিক্ষিরায় ১১ জন, নেত্রকোনায় ১৪ জন, নারায়ণগঞ্জে ২৫ জন, টাঙ্গাইল সদরে ১ জন।

রাজশাহী শিক্ষা বোর্ডের ঠাকুরগাঁও সরকারী কলেজ কেন্দ্রে নকল সরবরাহে বাধা প্রদান করিতে গিয়া পরীক্ষক বাধাপ্রাপ্ত হন। ফলে কতিপয় তরুণ কেন্দ্রে বিশৃংখলা সৃষ্টির চেষ্টা চালাইলে পুলিশের সহিত তাহাদের সংঘর্ষ বাধে। তাহারা কয়েকটি হাতবোমা বিস্ফোরণ করে। পুলিশ ৩ রাউণ্ড ফাঁকা গুলী ছোঁড়ে। এই কেন্দ্রে ৬১ জন বহিষ্কৃত হয়। দিনাজপুর বোঁচাগঞ্জ কলেজ কেন্দ্রে ২ জন শিক্ষক, বগুড়া সোনাতলা কলেজ কেন্দ্রে ৪ জন শিক্ষক নওগাঁ মান্দা কলেজ কেন্দ্রে ১ জন শিক্ষক বহিষ্কৃত হন। কুড়িগ্রাম উলিপুর কেন্দ্রে নকল সরবরাহের সময় পুলিশ ১ জন শিক্ষককে গ্রেফতার করে। আমাদের রাজশাহী অফিস জানায়, রাজশাহী শিক্ষা বোর্ডের জেলাওয়ারী বহিষ্কারের সংখ্যা হইল: রাজশাহী ১৩৪ জন, নবাবগঞ্জ ১২২ জন, নাটোরে ৩৬জন, নওগায় ৪৭ জন, পাবনায় ৪৭জন, সিরাজগঞ্জে ৯৫জন

## বহিষ্কৃত আড়াই হাজার

বগুড়ায় ১৯৭ জন, জয়পুরহাটে ৫৭ জন, রংপুরে ১৩২ জন, গাইবান্ধায় ২০৫ জন, নীলফামারীতে ৬৯ জন, কুড়িগ্রামে ১২১ জন, দিনাজপুরে ৫৬৭, ঠাকুরগাঁওয়ে ৬১ জন, পঞ্চগড়ে ৩৩ জন।

নারায়ণগঞ্জ সংবাদদাতা জানান: ৪টি কেন্দ্রে ২৫ জন বহিষ্কার হইয়াছে। তন্মধ্যে নারায়ণগঞ্জ সদরে ১০ জন, রূপগঞ্জে ৪ জন, আড়াইহাজারে ৬ জন, সোনারগাঁওয়ে ৫ জন রহিয়াছে।

গোপালগঞ্জ সংবাদদাতা জানান, জেলার ৫টি কেন্দ্রের ৩টিতে মোট ৫২ জন বহিষ্কার হইয়াছে।

মাদারীপুর সংবাদদাতা জানান, মাদারীপুর সদরে ৪১ জন, কালকিনিতে ২ জন বহিষ্কার হইয়াছে। রাজবাড়ি জেলার ৪টি কেন্দ্রে ৫৫ জন, ফরিদপুরে ৬৯ জন বহিষ্কার হইয়াছে।

বগুড়া সংবাদদাতা জানান: ১৬টি পরীক্ষা কেন্দ্র হইতে মোট ২৯৮ জনকে বহিষ্কার করা হইয়াছে। এই জেলার শিবগঞ্জ কেন্দ্রে বহিষ্কারের সংখ্যা বেশী।

পাবনা সংবাদদাতা জানান: মোট ৮টি কেন্দ্রে বহিষ্কারের সংখ্যা ৪৮। তন্মধ্যে পাবনা সদরে ১ জন, ঈশ্বরদীতে ৭ জন, আটঘরিয়ায় ১ জন, চাটমোহরে ৩ জন, ভাঙ্গুড়ায় ১৫ জন, বেড়ায় ১৬ জন সুজানগরে ১ জন, সাথিয়ায় ৪ জন রহিয়াছে।

নাটোর সংবাদদাতা জানান: ৭টি কেন্দ্রে বহিষ্কারের সংখ্যা ৩৬ জন। পাবনা সদরে ১০ জন সিঙ্গরায় ৪ জন, গুরুদাসপুরে ২ জন, বাগতিপাড়ায় ১৩ জন, বড়াইগ্রামে ৪ জন ও লালপুরে ১ জন বহিষ্কার হইয়াছে।